



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ঢাশিবো/বি/৫৭৮/মুসী/ ৩০৮০

তারিখ : ২৭/১০/২০২০

বিষয় : বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব প্রদান প্রসঙ্গে।

- সূত্র : (১) শিক্ষা মন্ত্রণালয়ের ০৬/০৬/২০১১ তারিখের স্মারক নং- শিম/শাঃ১১/৩-৯/২০১১/২৫৬।
(২) শিক্ষা মন্ত্রণালয়ের ১২/০৬/২০১৮ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০১.২০১৭.২৪৫।
(৩) বোর্ডের ২৬/০৭/২০২০ তারিখের ২০০২১৫২ নং পত্র।
(৪) সাবেক সভাপতি জনাব মোঃ মিরাজ হোসেন-এর ০৬/১০/২০২০ তারিখের আবেদন।
(৫) বিদ্যালয়ের শিক্ষক-কর্মচারীদের ১১/১০/২০২০ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, (১) বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির ২০/০২/২০২০ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মুহাম্মদ আজিজুল হক-এর বিরুদ্ধে বিভিন্ন অনিয়মের অভিযোগ এনে চূড়ান্ত বরখাস্ত করে বোর্ডের আপীল এন্ড আরবিট্রেশন কমিটিতে আবেদন করা হয় যা এখনও নিষ্পত্তি হয়নি এবং প্রক্রিয়াধীন রয়েছে।

২। বোর্ডের ২৬/০৭/২০২০ তারিখের ২০০২১৫২ নং পত্রে বিদ্যালয়ের এডহক কমিটি অনুমোদন দেয়া হয়। উক্ত এডহক কমিটির সভাপতি ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক জনাব মোহাম্মদ কামরুল ইসলাম-কে পদত্যাগ করতে বাধ্য করে এবং বিধি বহির্ভূতভাবে প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মুহাম্মদ আজিজুল হক-কে স্বপদে পুনর্বহাল করে। বোর্ডের আপীল এন্ড আরবিট্রেশন কমিটিতে বিচারাধীন থাকা অবস্থায় প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মুহাম্মদ আজিজুল হক-কে এডহক কমিটি কর্তৃক স্বপদে পুনর্বহাল করা বিধিসম্মত হয়নি।

৩। সূত্রোক্ত ১ ও ২নং স্মারকে নির্দেশনা অনুযায়ী বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হিসেবে সহকারী প্রধান শিক্ষক বা সহকারী প্রধান শিক্ষক না থাকলে জ্যেষ্ঠতম সহকারী শিক্ষক ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করবেন। শিক্ষা মন্ত্রণালয়ের উক্ত পরিপত্র অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে বোর্ডকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে



২৭/১০/২০২০

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

প্রাপক : উপজেলা নির্বাহী অফিসার
টঙ্গীবাড়ী, মুন্সীগঞ্জ।

মেমো নং- ৩০৮০ (৪)


২৭.১০.২০২০

তারিখ : ২৭/১০/২০২০

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।
- ২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ।
- ৪। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।